রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ৫, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ/ ০৪ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং ০২-আইন/২০২৬।**—বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৮ নং আইন) এর ধারা ৪৭ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (রিক্রুটিং এজেন্ট লাইসেন্স এবং সাব-এজেন্ট নিবন্ধন ও আচরণ) বিধিমালা, ২০২৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর উপ-বিধি (১) এর দফা (ক) এর পর নিম্নরূপ দফা (কক) সন্নিবেশিত হইবে, যথা:—

“(কক) “এসোসিয়েট রিক্রুটার” অর্থ এমন নিবন্ধিত রিক্রুটিং এজেন্ট, যিনি অন্য একটি নিবন্ধিত রিক্রুটিং এজেন্টের সহিত লিখিত চুক্তির মাধ্যমে যুক্ত হইয়া, উক্ত এজেন্টের মাধ্যমে বিদেশগামী কর্মীদের নিয়োগ ও সংশ্লিষ্ট রিক্রুটমেন্ট প্রক্রিয়া সম্পাদন করেন;”;

(২) বিধি ১৪ এর উপ-বিধি (৪) এর পর নিম্নরূপ উপ-বিধি (৪ক), (৪খ) এবং (৪গ) সন্নিবেশিত হইবে, যথা:—

“(৪ক) কোনো রিক্রুটিং এজেন্ট অপর কোনো রিক্রুটিং এজেন্ট-কে কর্মী প্রেরণের কাজ প্রক্রিয়াকরণের জন্য এসোসিয়েট রিক্রুটার হিসেবে নিয়োগ করিতে পারিবেন।

(৪খ) এসোসিয়েট রিক্রুটারের সহিত বিদেশগামী কর্মীদের চুক্তি থাকিতে হইবে এবং যদি কোনো রিক্রুটিং এজেন্ট এসোসিয়েট রিক্রুটার হিসেবে নিয়োগপ্রাপ্ত হন, তাহা হইলে জনশক্তি রপ্তানি ও প্রক্রিয়া সম্পাদনের স্ব স্ব অংশের ক্রেডিট ও দায়-দায়িত্ব মূল এজেন্টের অনুরূপ এসোসিয়েট রিক্রুটারের উপরেও বর্তাইবে।

(৪গ) লাইসেন্স নবায়নের ক্ষেত্রে এসোসিয়েট রিক্রুটার যত সংখ্যক কর্মী প্রক্রিয়াকরণ করিবেন, উহা তাহার ক্রেডিট হিসেবে গণ্য হইবে এবং মূল এজেন্ট স্ব-উদ্যোগে যত সংখ্যক কর্মী প্রেরণ করিবেন উহা তাহার ক্রেডিট হিসেবে গণ্য হইবে।";

(৩) তফসিল-১ এর টেবিলের ক্রমিক নং ৩ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত "৫০ (পঞ্চাশ) লক্ষ" সংখ্যা, শব্দগুলি ও বন্ধনীর পরিবর্তে "৩৫ (পঁয়ত্রিশ) লক্ষ" সংখ্যা, শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নাজমুল হুসেইন খাঁন**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd